ভোরের কাগজ

তারিখ DEC 13 1999
পৃষ্ঠা ৯ কলাম ৭

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা সম্পর্কে সেমিনার অনুষ্ঠিত

চ.বি. সংবাদদাতা : 'বাংলাদেশের উচ্চ শিক্ষায় স্বায়ত্তশাসিত ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভূমিকা' শীর্ষক এক সেমিনারে গত ৯ ডিসেম্বর বক্তারা বলেছেন, শিক্ষাদান ও গবেষণা এ দুটি লক্ষ্যই পূরণ করতে পারছে না বিশ্ববিদ্যালয়গুলো। এ ছাড়া ভিসি, প্রোভিসিসহ প্রশাসনিক পদগুলোতে রাজনৈতিক নিয়োগ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে ব্যাহত করছে বলেও তারা মন্তব্য করেন।

চ.বি.র লাইব্রেরি মিলনায়তনে এ সেমিনারের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর আবদুল মান্নান। শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর মোহাম্মদ শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক অনুপম সেন এবং রাজনীতি বিজ্ঞান বিভাগের অধ্যাপক মাহফুজুল হক চৌধুরী।

অনুপম সেন তার প্রবন্ধে বলেন, এ দেশে ইংরেজরা বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিল কেরানি তৈরির লক্ষ্য নিয়ে। যার প্রভাব থেকে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো এখনো মুক্ত হতে পারেনি। মাহফুজুল হক চৌধুরী তার প্রবন্ধে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা ব্যবস্থার একটি চিত্র তুলে ধরে এক স্বায়ত্তশাসনের প্রসঙ্গ ব্যাখ্যা করতে গিয়ে বলেন, চিন্তা ও কর্মের স্বাধীনতা ছাড়া ধারণা, তত্ত্ব, উদ্ভাবন, উৎকর্ষ কোনো কিছুই সম্ভব নয়।

প্রবন্ধের ওপর আলোচনা করেন কাজী মোস্তাইন বিল্লাহ, অধ্যাপক হাসানুজ্জামান চৌধুরী, অধ্যাপক ইমাম আলী এবং অধ্যাপক আমিনউদ্দিন মৃধা। উন্মুক্ত আলোচনায় অংশ নেন অধ্যাপক শফি, অধ্যাপক ড. মোহাম্মদ ফজলী হোসেন, ড. ইরশাদ কামাল প্রমুখ। অনুষ্ঠান উপস্থাপনা করেন ড. ওবায়দুল করিম।